

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৪৫

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - গরীবদের ফযীলত ও নবী (সা.) -এর জীবন-যাপন

اَلْفَصِيْلُ التَّنِفْ \_ (بَابُ فَضِيْلِ الْفُقَرَاءِ وَمَا كَانَ مِنْ عَيْشِ النَّبِيّ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ)

### আরবী

وروى ابْنُ مَاجَهُ عَنْ أَبِي سَعِيدٍ إِلَى قَوْلِهِ «زمرة الْمَسَاكِين»

اسناده ضعیف ، رواه ابن ماجم (4126) \* یزید بن سنان : ضعیف و ابو المبارک مجهول و للحدیث شواهد ضعیفة ولم یصب من صححم ـ

#### বাংলা

৫২৪৫-[১৫] আর এ হাদীস ইবনু মাজাহ আবু সাঈদ (রাঃ) হতে (فِیْ زمرة الْمَسَاكِين) "মিসকীনদের দলভুক্ত" পর্যন্ত রিওয়ায়াত করেছেন।

## ফুটনোট

সহীহ: ইবনু মাজাহ ৪১২৫. সিলসিলাতুস সহীহাহ ৩০৮, ইরওয়া ৮৬১, তিরমিয়ী ২৩৫২, সহীহ আত তারগীব ওয়াত তারহীব ৩১৯৩, মুসনাদে 'আদ ইবনু হুমায়দ ১০০২, শুআবুল ঈমান ১৪৫৩, আল মুসতাদরাক লিল হাকিম ৭৯১১, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৩৫২৯।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা : ইবনু মাজাহ'র বর্ণনায় (فِيْ زَمِرة الْمَسَاكِين) পর্যন্ত রয়েছে। আল্লামাহ্ মুন্যিরী থেকে নকল করে মীরাক (রহিমাহুল্লাহ) বলেন, ইমাম হাকিম আবু সাঈদ আল খুদরী (রাঃ) হতে আরো অতিরিক্ত এ অংশ বর্ণনা করেছেন : "সবচেয়ে দুর্ভাগার দুর্ভাগা হলো যার ওপর দুনিয়ার দারিদ্রতা এবং আখিরাতের 'আযাব একত্রিত হয়।" ইমাম হাকিম (রহিমাহুল্লাহ) একে সনদ সহীহ বলে উল্লেখ করেছেন। পক্ষান্তরে যে হাদীসে বর্ণিত হয়েছে, "দারিদ্রতা হলো আমার গর্ব, এর দ্বারা আমি অহংকারবোধ করি।" এটি জাল হাদীস, এর কোন ভিত্তি নেই।



"দরিদ্র মানুষকে কুফরীতে পৌছে দেয়", এ বর্ণনাটি খুবই য'ঈফ, সহীহ ধরে নিলেও এ দরিদ্রতা দ্বারা (قلب) বা অন্তরের দরিদ্রতা উদ্দেশ্য। (মিরক্বাতুল মাফাতীহ; আল কাশিফ ১০ম খণ্ড, ৩৩১৪ পৃ.)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন